পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নং: ১৬৮৭/শা-২(ক)/প.

তারিখ: ১২ মাঘ ১৪৩১ / ২৬ জানুয়ারি ২০২৫

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস অর্থাৎ ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বের শিক্ষার্থীদের) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি।

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সনের ৪র্থ বর্ষ অনার্স অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বের শিক্ষার্থীদের) পরীক্ষার পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ, সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের পূরণকৃত ফরম ভেরিফিকেশন ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণ শুরু ও শেষ তারিখ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে ব্যাংক ড্রাফট, কাগজপত্র জমা ও অনলাইনে ভেরিফিকেশনের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | ২৭/০১/২০২৫ থেকে ১০/০২/২০২৫ তারিখ পর্যন্ত। | ১৩/০২/২০২৫ |
| ০২ | তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ১৪০/- | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্সের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ২০০/- | | |
| ০৪ | রিসার্স প্রজেক্ট ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য ক্ষেত্রে) | ২০০/- | | |
| ০৫ | মৌখিক ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ২০০/- | | |
| ০৬ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- | | |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (প্রতি কোর্স গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি ও অন্যান্য ফি এর অতিরিক্ত ফি প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৩০০/- | | |
| ০৮ | সাময়িক সনদ ফি (প্রতি অনিয়মিত পরীক্ষার্থীর জন্য) | ৩০০/- | | |
| ০৯ | নম্বরপত্র ফি (প্রতি অনিয়মিত পরীক্ষার্থীর জন্য) | ৪৫০/- | | |
| ১০ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে<br>ক. কলেজের অংশ ৩০০/- টাকা<br>খ. কেন্দ্রের অংশ ৪৫০/- টাকা | ৭৫০/- | | |
| ১১ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ১২০/- | | |
| ১২ | মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- প্রযোজ্য ক্ষেত্রে<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ১০০০/- টাকা | ১১০০/- | | |
| ১৩ | টার্ম পেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-প্রযোজ্য ক্ষেত্রে<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ১৫০/- টাকা | ২৫০/- | | |

# <u>আবেদন ফরমপূরণঃ</u>

## অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ (এন্ট্রি ফরম) দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে (এন্ট্রি ফরম) পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী নিজে স্বাক্ষর করার পর কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের স্বাক্ষর নিয়ে ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **০৯/০২/২০২৫** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

<u>মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য</u>

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ৪র্থ বর্ষে পরীক্ষায় যে সব কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২২ সনের ৪র্থ বর্ষ অনার্স অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস) পরীক্ষায় যারা অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে তারা (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) ঐ সকল কোর্সে ২০২৩ সনের ৪র্থ বর্ষ অনার্স অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বের শিক্ষার্থীদের) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। **এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।**

<u>অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য</u>

* ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০১৯ ও ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ (পুরাতন সিলেবাস) অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০২৩ সনের ৪র্থ বর্ষ অনার্স অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বের শিক্ষার্থীদের) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এছাড়াও যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষ সম্মান- ২০২১ (বিশেষ) ও ২০২২ (বিশেষ) পরীক্ষা দুটিতে সকল বিষয়ে উপস্থিত হয়ে কমপক্ষে ৪টি D গ্রেড পেয়েছে তারাও উক্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

<u>বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য</u>

**(২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ক্ষেত্রে প্রযোজ্য)**

- **২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬** সনের যে সব শিক্ষার্থী ৪র্থ বর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড ও Absent আছে সে সকল পরীক্ষার্থী আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে। **তবে উল্লেখ থাকে যে, এ সব পরীক্ষার্থীরা ৫,০০০/- টাকা জরিমানা (ফরম পূরণের ফি এর অতিরিক্ত) সাপেক্ষে ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষায় বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।**

**<u>## কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নাম্বার প্রাপ্ত শিক্ষার্থীরাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ##</u>**

০২. কলেজের জন্য করণীয়:

যে সকল পরীক্ষার্থী ২০২৩ সনের ৪র্থ বর্ষ অনার্স অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বের শিক্ষার্থীদের) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তার ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এক কপি কলেজ সংরক্ষণ করবে উল্লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর্যন্ত।

***** জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজি. নম্বর এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে তারা অবশ্যই প্রাপ্ত রেজিস্ট্রেশন দুইটি উল্লেখ করতে হবে *** এছাড়াও যাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাধিক রেজিস্ট্রেশন আছে তারা ফরমপূরণের সময় সঠিক ভাবে উল্লেখ করতে হবে।**

০৩. অনলাইনে আবেদন ফরম পূরণ নিশ্চয়ণ ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7 Collegedu.ac.bd) Formfilup লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরমপূরণের ফিস জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী **২০২৩ সনের ৪র্থ বর্ষ অনার্স অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস) পরীক্ষায় অংশগ্রণের শর্ত পূরণ করলে** কলেজ কর্তৃপক্ষ নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই করার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন দিতে ইচ্ছুক সে বিষয় কোড এন্ট্রি করতে হবে।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না

০৪. ফি জমাদানের পদ্ধতি:

২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বের শিক্ষার্থীদের) পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "Seven College Student fees" শিরোনামে হিসাব নং: **৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে।** এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

০৫.ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:

২০২৩ সনের ৪র্থ বর্ষ অনার্স অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বের শিক্ষার্থীদের) পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি এবং ইনকোর্স পরীক্ষার খাতা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে) ।

মেমো নং:-১৬৮৭/শা- ২(ক)/প.

তারিখ: ১২ মাঘ ১৪৩১
২৬ জানুয়ারি ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হল:</u>

১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

২। প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৩। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৪। কলেজ পরিদর্শক, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৫। হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৬। পরিচালক, জনসংযোগ দপ্তর, ঢাকা বিশ্বদিবদ্যালয়।

৭। উপ-রেজিস্ট্রার, (শিক্ষা/ভর্তি), ঢাকা বিশ্ববিদ্যালয়।

৮। উপ-রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৯। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১০। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১১। সহকারী রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষ মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১২। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক ও সেকশন অফিসার, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১৩। ম্যানেজার, সোনালী/জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

আপনার বিশ্বস্ত

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

26.01.2025    26.01.2025